



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর : রাশিবো/মাধ্য-৮/পনি-৬৪(১৩)

তারিখ : ৩০/০১/২০১৮

বিষয় : ২০১৮ সালের এস এস সি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার লক্ষ্যে অত্র বোর্ডে কন্ট্রোল রুম খোলা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী ০১/০২/২০১৮ হতে অনুষ্ঠেয় এস এস সি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার লক্ষ্যে তাঁর জেলাধীন সকল কেন্দ্রসমূহের প্রতিদিন অনুষ্ঠিত পরীক্ষার সংবাদ/তথ্যাদি গ্রহণ করে শিক্ষা মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণের জন্য এ শিক্ষা বোর্ডে একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে। উক্ত কন্ট্রোল রুম পরীক্ষা চলাকালীন সময় সকাল ৯.০০ হতে রাত্রি ৯.০০ টা পর্যন্ত খোলা থাকবে।

তাঁর জেলার সকল কেন্দ্রে পরীক্ষার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতির বিবরণসহ পরীক্ষার্থীর উপস্থিতি, অনুপস্থিতি, বহিষ্কার এবং শিক্ষক বহিষ্কারের ঠিকানাসহ সংখ্যা উল্লেখপূর্বক একটি সমন্বিত বিবরণী সকালের শিফটের জন্য বিকাল ৩.০০ টার মধ্যে এবং বিকালের শিফটের জন্য সন্ধ্যা ৭.০০ টার মধ্যে অবশ্যই টেলিফোনে কন্ট্রোলরুমে জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

তথ্যাদি ফ্যাক্স যোগেও প্রেরণ করা যেতে পারে। নিম্নে অত্র বোর্ডের টেলিফোন ও ফ্যাক্স নম্বর দেয়া হ'ল।  
এ বিষয়ে তাঁর সহযোগিতা একান্ত কাম্য।

ক্রমিক নম্বর	কন্ট্রোল রুম	কোড নম্বর	অফিস
১.	উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যমিক)	০৭২১	৭৭৫৮৫১ ০১৭১২১৭৪৪৪১
২.	চেয়ারম্যান	০৭২১	৭৭৬২৭০ ৮১১৯৯৪ ৭৭৪৪২৮ ফ্যাক্স
৩.	পরীক্ষা নিয়ন্ত্রক	০৭২১	৭৭৬২৩১ ৭৭২৯৬২ ফ্যাক্স

*স্বাক্ষর*  
৩০/১/১৮  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী

প্রাপক :

জেলা প্রশাসক

রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৪। উপ-সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী
- ৬। উপ-পরিচালক, টেলিভিশন সম্প্রসারণ কেন্দ্র, রাজশাহী
- ৭। পুলিশ সুপার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
- ৮। রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার
- ৯। রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
- ১০। রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল এস এস সি পরীক্ষার কেন্দ্র সচিবগণ
- ১১। সাধারণ সম্পাদক, রাজশাহী প্রেস ক্লাব/রাজশাহী সিটি প্রেস ক্লাব/রাজশাহী মেট্রোপলিটন প্রেস ক্লাব
- ১২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড
- ১৩। অফিস নথি